গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-২৯.০০.০০০০.২২৩.২০.০১২.২৪- ৩১

তারিখ: ১৬/০৩/২০২৫ খ্রি.

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের আপদকালীন পরিস্থিতি মোকাবেলা করার জন্য অর্থ বরাদ্দ প্রসংগে।

উপযুর্ক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপদকালীন পরিস্থিতি মোকাবেলা করার জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলার জেলা প্রশাসকের অনুকূলে ৩,৫০,০০০/-(তিন লক্ষ পঞ্চাশ হাজার টাকা) নিম্নোক্ত ছকে বর্ণিত বরাদ্দ ও শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

ক্রম: নং	আবেদনকারী/ব্যক্তিদের নাম ও ঠিকানা	বরাদ্দের ধরণ	বরাদ্দ প্রদান সংস্থা	অনুমোদিত বরাদ্দ
০১	জনাব প্রণব চাকমা, সভাপতি, নাটঘর একাডেমি, কে.কে.রায় সড়ক, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা	নাটঘর একাডেমীর ছাত্র-ছাত্রীদের নৃত্য, সংগীত, বাদ্যযন্ত্রের উপর প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বাদ্যযন্ত্র ও সাউন্ডবক্স সরঞ্জাম ক্রয়ার্থে	জেলা প্রশাসক, রাঙ্গামাটি	৩,০০,০০০/-
০২	জনাব সুজিত চাকমা, গ্রাম:তালছড়া, ২নং ওয়ার্ড, ৩৬ নং সাজেক ইউনিয়ন, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা	চক্ষু চিকিৎসার জন্য	জেলা প্রশাসক, রাঙ্গামাটি	৫০,০০০/-
			সর্বমোট=	৩,৫০,০০০/-

২। চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১ ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,৪০,০০,০০০/-(আট কোটি চল্লিশ লক্ষ) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৮,০০,০০,০০০/-(আট কোটি) টাকা হতে এ ব্যয় বহন করা হবে।

শর্তসমূহ:

১. মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২. বরাদ্দকৃত অর্থ মাস্টার রোলের মাধ্যমে বিতরণপূর্বক নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত উপকারভোগীর সংখ্যাসহ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
৩. জেলা প্রশাসক বরাদ্দগ্রহীতাগণের নিকট হতে প্রাপ্তিস্বীকারপত্র গ্রহণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
৪. বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
৫. মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

(মোহাম্মদ নাহিদ ইসলাম)
উপসচিব
তারিখ: ১৬/০৩/২০২৫ খ্রি.

স্মারক নং-২৯.০০.০০০০.২২৩.২০.০১২.২৪- ৩১

সদয় জ্ঞাতার্থে/কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩. অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা ।
৭. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১৬/০৩/২০২৫
(মোহাম্মদ নাহিদ ইসলাম)
উপসচিব